গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
চিকিৎসা শিক্ষা-১ অধিশাখা
www.mohfw.gov.bd

স্মারক নং-৫৯.০০.০০০০.১৪০.১৮.১৬.২০১৯-৬২০ তারিখঃ ২২/০৯/২০১৯ খ্রিঃ

বিষয়ঃ সরকারি ও বেসরকারি মেডিকেল/ডেন্টাল কলেজসমূহে ২০১৯-২০ শিক্ষাবর্ষে এমবিবিএস/বিডিএস কোর্সে ১ম বর্ষে বিদেশী শিক্ষার্থী ভর্তি প্রসঙ্গে।

সূত্রঃ অতিরিক্ত সচিব (চিকিৎসা শিক্ষা) মহোদয়ের সভাপতিত্বে ১২/০৯/২০১৯ খ্রিঃ তারিখের সভার সিদ্ধান্তের অনুবৃত্তিক্রমে।

নির্দেশক্রমে ২০১৯-২০ শিক্ষাবর্ষে দেশের সকল সরকারি ও বেসরকারি মেডিকেল/ডেন্টাল কলেজ/ডেন্টাল ইউনিট/ডেন্টাল ইনস্টিটিউট সমূহে এমবিবিএস/বিডিএস কোর্সে ১ম বর্ষে বিদেশী শিক্ষার্থী ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করার লক্ষ্যে নিম্নরূপ নির্দেশনা জারি করা হলোঃ

(ক) ভর্তির বিজ্ঞপ্তি প্রকাশ		
ক্রমিক	কার্যক্রম	সময়সীমা
০১।	স্বাস্থ্য অধিদপ্তর কর্তৃক প্রস্তুতকৃত '২০১৯-২০ শিক্ষা বর্ষে বাংলাদেশের সরকারি ও বেসরকারি মেডিকেল/ডেন্টাল কলেজে সার্ক ও নন-সার্ক কোটায় এমবিবিএস/ বিডিএস কোর্সে বিদেশী শিক্ষার্থী ভর্তি' সংক্রান্ত বিজ্ঞপ্তি পররাষ্ট্র মন্ত্রণালয় প্রকাশ করবে এবং বিদেশে অবস্থিত বাংলাদেশ দূতাবাস সমূহে প্রেরণ করবে।	২২/০৯/২০১৯

(খ) সরকারি মেডিকেল/ডেন্টাল কলেজে ভর্তির সময়াবদ্ধ কর্মপরিকল্পনা		
ক্রমিক	কার্যক্রম	সময়সীমা
০১।	বিদেশে অবস্থিত বাংলাদেশ দূতাবাসসমূহ সরকারী মেডিকেল/ডেন্টাল কলেজে ভর্তির জন্য শিক্ষার্থীদের আবেদন সংশ্লিষ্ট দেশের পররাষ্ট্র মন্ত্রণালয়ের মাধ্যমে গ্রহণপূর্বক যাচাইয়ান্তে বাংলাদেশের পররাষ্ট্র মন্ত্রণালয়ে প্রেরণ করবে।	১০/১১/২০১৯
০২।	পররাষ্ট্র মন্ত্রণালয় সরকারি মেডিকেল/ডেন্টাল কলেজে ভর্তির জন্য বিদেশী শিক্ষার্থীদের নিকট থেকে প্রাপ্ত আবেদনপত্র স্বাস্থ্য অধিদপ্তরে প্রেরণ করবে এবং স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়কে অবহিত রাখবে।	৩০/১১/২০১৯
০৩।	স্বাস্থ্য অধিদপ্তর প্রাপ্ত আবেদনসমূহের 'মার্কস সমতাকরণ (Marks Equalization)' সম্পন্ন করে সরকারি মেডিকেল ও ডেন্টাল কলেজের জন্য পৃথক পৃথক মেধা তালিকা তৈরী করে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ে প্রেরণ করবে।	১৪/১২/২০১৯
০৪।	স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় 'মার্কস সমতাকরণ (Marks Equalization)' এর ভিত্তিতে প্রস্তুতকৃত মেধা তালিকা সংশ্লিষ্ট কমিটির সভা অনুষ্ঠান পূর্বক সরকারি মেডিকেল ও ডেন্টাল কলেজের জন্য মেধার ভিত্তিতে বিদেশী শিক্ষার্থী নির্বাচন সম্পন্ন করে তালিকা পররাষ্ট্র মন্ত্রণালয়ে প্রেরণ করবে।	১৯/১২/২০১৯
০৫।	পররাষ্ট্র মন্ত্রণালয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় কর্তৃক প্রেরিত সরকারি মেডিকেল কলেজে মনোনীত ভর্তিচ্ছু বিদেশী শিক্ষার্থীদের তালিকা স্ব-স্ব দেশে অবস্থিত বাংলাদেশের দূতাবাসে প্রেরণ করবে। বাংলাদেশ দূতাবাসসমূহ মনোনীত বিদেশী শিক্ষার্থীদের ভিসা ইস্যুসহ সকল ধরনের সহযোগিতা প্রদান করবে।	২৫/১২/২০১৯
০৬।	সরকারি মেডিকেল/ডেন্টাল কলেজ বিদেশী শিক্ষার্থীদের ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করবে।	১৫/০১/২০২০

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য

পূর্ববর্তী পৃষ্ঠার পর

(খ) বেসরকারি মেডিকেল/ডেন্টাল কলেজে ভর্তির সময়াবদ্ধ কর্মপরিকল্পনা		
ক্রমিক	কার্যক্রম	সময়সীমা
০১।	বিদেশে অবস্থিত বাংলাদেশ দূতাবাসসমূহ বেসরকারী মেডিকেল/ডেন্টাল কলেজে ভর্তির জন্য শিক্ষার্থীদের আবেদন সংশ্লিষ্ট দেশের পররাষ্ট্র মন্ত্রণালয়ের মাধ্যমে গ্রহণপূর্বক যাচাইয়ান্তে বাংলাদেশের পররাষ্ট্র মন্ত্রণালয়ে প্রেরণ করবে।	২০/১১/২০১৯
০২।	পররাষ্ট্র মন্ত্রণালয় বেসরকারি মেডিকেল/ডেন্টাল কলেজে ভর্তির জন্য বিদেশী শিক্ষার্থীদের আবেদন স্বাস্থ্য অধিদপ্তরে প্রেরণ করবে এবং স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়কে অবহিত রাখবে।	৩০/১১/২০১৯
০৩।	স্বাস্থ্য অধিদপ্তর প্রাপ্ত আবেদনসমূহের 'মার্কস সমতাকরণ (Marks Equalization)' সম্পন্ন করে 'মার্কস সমতাকরণ' সনদের মূলকপি এবং মেডিকেল কলেজওয়ারী শিক্ষার্থীদের তালিকাসহ পররাষ্ট্র মন্ত্রণালয়ে প্রেরণ করবে। পররাষ্ট্র মন্ত্রণালয় তা স্ব-স্ব দেশে অবস্থিত বাংলাদেশের দূতাবাসে প্রেরণ করবে। বিদেশী শিক্ষার্থীগণ স্ব-স্ব দেশে অবস্থিত বাংলাদেশ দূতাবাস হতে 'মার্কস সমতাকরণ' সনদের মূলকপি সংগ্রহ করবে। এছাড়া 'মার্কস সমতাকরণ' সনদের সত্যায়িত ফটোকপি ও মেডিকেল কলেজওয়ারী শিক্ষার্থীদের তালিকার কপি স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ে এবং মনোনীত মেডিকেল/ডেন্টাল কলেজে প্রেরণ করবে।	২২/১২/২০১৯
০৪।	বেসরকারি মেডিকেল/ডেন্টাল কলেজে বিদেশী শিক্ষার্থীদের ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করবে।	১৫/০১/২০২০

০২। আগামী ১৫/০১/২০২০ খ্রিঃ তারিখের মধ্যে সরকারি মেডিকেল/ডেন্টাল কলেজে এবং বেসরকারি মেডিকেল/ডেন্টাল কলেজে ২০১৯-২০ শিক্ষাবর্ষে এমবিবিএস ও বিডিএস কোর্সে ভর্তির সকল কার্যক্রম সম্পন্ন করতে হবে।

০৩। মেডিকেল/ডেন্টাল কলেজে এমবিবিএস/বিডিএস কোর্সে শিক্ষার্থী ভর্তি নীতিমালা অনুযায়ী সব দেশের জন্য একই নিয়ম অনুসরণপূর্বক ২০১৯-২০ শিক্ষাবর্ষে বিদেশী শিক্ষার্থী ভর্তি প্রক্রিয়া মেধার ভিত্তিতে সম্পন্ন করতে হবে।

০৪। বেসরকারি মেডিকেল/ডেন্টাল কলেজে বিদেশী শিক্ষার্থীদের জন্য নির্ধারিত কোটা পূর্বের ন্যায় ৫০% বহাল থাকবে।

০৫। নির্ধারিত সময়ের মধ্যে এমবিবিএস/বিডিএস কোর্সে বিদেশী কোটায় শিক্ষার্থী ভর্তি না হলে শূন্য আসনসমূহ দেশীয় শিক্ষার্থীদের দ্বারা পূরণ করা যাবে। তবে এ ক্ষেত্রে দেশী শিক্ষার্থীদের ভর্তির ক্ষেত্রে যে আর্থিক ব্যবস্থাপনা জড়িত তা প্রযোজ্য হবে। কোন অবস্থাতেই দেশীয় শিক্ষার্থীদের নিকট থেকে যে পরিমান অর্থ নেয়ার নির্দেশনা রয়েছে তার অতিরিক্ত অর্থ নেয়া যাবেনা। অর্থাৎ দেশীয় শিক্ষার্থীদের নিকট থেকে কোন অবস্থায় বিদেশী রেটে ফি সমূহ আদায় করা যাবে না।

০৬। বিদেশী শিক্ষার্থীদের নাগরিকত্ব নিশ্চিতকরণে পাসপোর্টের সত্যায়িত কপি আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে। এছাড়া শিক্ষাগত যোগ্যতার সনদপত্র/নম্বরপত্র/অন্যান্য প্রত্যয়নপত্র সংশ্লিষ্ট দেশের শিক্ষা বোর্ড/পররাষ্ট্র মন্ত্রণালয় ও সংশ্লিষ্ট দেশে অবস্থিত বাংলাদেশ দূতাবাস কর্তৃক সত্যায়িত হতে হবে।

০৭। বিদেশী শিক্ষার্থীদের ভর্তি প্রক্রিয়া ও Equivalence এর ব্যয় নির্বাহের জন্য প্রতিটি আবেদন পত্রের সাথে Director (Medical Education & HMPD), DGHS, Mohakhali, Dhaka, Bangladesh এর বরাবরে 70 (Seventy) Dollar অথবা বাংলাদেশী ৬,০০০/- (ছয় হাজার) টাকা টি.টি (T.T) এর মাধ্যমে প্রেরণ করতে হবে।

22.07.2019

(মোহাম্মদ মনিরুজ্জামান বকাউল)
উপসচিব
ফোন-৯৫৪০৭৩০

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য

পূর্ববর্তী পৃষ্ঠার পর

স্মারক নং-৫৯.০০.০০০০.১৪০.১৮.১৬.২০১৯-৬৮০

তারিখঃ ২২/০৯/২০১৯ খ্রিঃ

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১. সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
০২. মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
০৩. পরিচালক (চিকিৎসা শিক্ষা ও জনশক্তি উন্নয়ন), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
০৪. পরিচালক-৩, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
০৫. পরিচালক (আন্তর্জাতিক সংস্থাসমূহ অনুবিভাগ), পররাষ্ট্র মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
০৬. সভাপতি/সাধারণ সম্পাদক, বাংলাদেশ বেসরকারি মেডিকেল কলেজ এসোসিয়েশন, ঢাকা।
০৭. সভাপতি/সাধারণ সম্পাদক, বাংলাদেশ বেসরকারি ডেন্টাল কলেজ এসোসিয়েশন, ঢাকা।

অনুলিপি:

০১. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২. মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩. সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ।
০৪. সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
০৫. অতিরিক্ত সচিব (চিকিৎসা শিক্ষা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ।
০৬. যুগ্ম-সচিব (চিকিৎসা শিক্ষা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ।
০৭. অফিস কপি/মাস্টার কপি।

২২.০৯.২০১৯

(মোহাম্মদ মনিরুজ্জামান বকাউল)
উপসচিব
ফোন-৯৫৪০৭৩০